

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৫৮.১৯-১০

তারিখঃ ১৭ পৌষ ১৪২৬ ব.  
০১ জানুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং- ১০৫৫৯/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১০৫৫৯/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।


উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১০৫৫৯/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপঃ

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
১০৫৫৯/২০১৯	জনাব মো: আমিনুল হক চৌধুরী, দাতা সদস্য, গভর্নিং বডি, সোনখুলি মুন্সীপাড়া কামিল মাদ্রাসা, উপজেলা- সৈয়দপুর, জেলা- নীলফামারী।	সচিব, টিএমইডি, উপাচার্য, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ও আরো অন্যান্যসহ মোট ০৫ (পাঁচ) জন।	নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলাধীন সোনখুলি মুন্সীপাড়া কামিল মাদ্রাসা'র ০৩ (তিন) বছরের জন্য সভাপতিসহ মোট ১৫ সদস্য বিশিষ্ট গভর্নিং বডির মনোনয়ন প্রদানপূর্বক ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় হতে ০৬/০১/২০১৯ তারিখে ইআবি/রেজি/প্রশা/কা.গ.ব/র-১৪/২০১৬/৭৩৮৫(৭)সংখ্যক স্মারকে (Annexure-A মূলে) পত্র জারি করা হয়। উক্ত স্মারকের বিরুদ্ধে এবং “প্রাথমিক পাঠদান ও অধিভুক্ত মাদ্রাসা সমূহের গভর্নিং বডি ও এডহক কমিটি সংক্রান্ত নীতিমালা” of the “ফাযিল ও কামিল মাদ্রাসা অধিভুক্ত সংক্রান্ত অর্ডিন্যান্স, ২০০৬” এর অনুচ্ছেদ নং- (খ)(১)(১.২)(I) এর বিধান মতে তাঁকে বর্ণিত প্রতিষ্ঠানের গভর্নিং বডির সভাপতি হিসেবে মনোনয়ন প্রদানের নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার জনাব মো: আমিনুল হক চৌধুরী কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১০৫৫৯/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ২০/১০/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী নিষ্পন্ন করে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় হতে ০৬/০১/২০১৯ তারিখে  
ইআবি/রেজি/প্রশা/কা.গ.ব/র-১৪/২০১৬/৭৩৮৫(৭)সংখ্যক স্মারকে (Annexure-A মূলে) জারীকৃত পত্রের কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা  
হবেনা; এবং পিটিশনারকে বর্ণিত প্রতিষ্ঠানের গভর্নিং বডির সভাপতি হিসেবে মনোনয়ন প্রদানের জন্য কেন নির্দেশনা প্রদান করা হবে না; সে মর্মে  
১৭/১১/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

০৩। যেহেতু ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় -এর অফিস স্মারকের বিরুদ্ধে বর্ণিত রিট মামলা দায়ের করা হয়েছে সেহেতু বর্ণিত মামলার বিষয়ে  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক উক্ত রিট মামলায় ২০/১০/২০১৯ তারিখে মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুযায়ী সরকার পক্ষে জবাব  
দাখিলক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১০৫৫৯/২০১৯ মামলার ২০/১০/২০১৯ তারিখের নির্দেশনা অনুযায়ী মহামান্য হাইকোর্টে সরকার পক্ষে জবাব  
দাখিল করা হয়েছে কীনা হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জবাব দাখিলক্রমে গৃহীত ব্যবস্থার তথ্য আগামী ২০/০১/২০২০ খ্রি: এর  
মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য (প্রমাণকসহ) নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

  
(মো: আ: খালেক মিয়া)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন-৪১০৫০১৫৭।

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

১২৪/২২, ব্লক-এ, রোড নং-০৩, পশ্চিম ধানমন্ডি মেইন রোড

বসিলা, মোহাম্মদপুর, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

৫। অফিস কপি/মাস্টার কপি।